# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৮৮৯

৯/ হাজ্জ (হজ্জ) (كتاب الحج عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ মুযদালিফায় মাগরিব ও এশা একত্রে আদায় করা।

## باب مَا جَاءَ فِي الْجَمْعِ بَيْنَ الْمَغْرِبِ وَالْعِشَاءِ بِالْمُزْدَلِفَةِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ، حَدَّثَنَا يَحْيَى بْنُ سَعِيدٍ، عَنْ إِسْمَاعِيلَ بْنِ أَبِي خَالِدٍ، عَنْ أَبِي إِسْحَاقَ، عَنْ سَعِيدِ بْنِ جُبَيْرٍ، عَنِ ابْنِ عُمَرَ، عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم بِمِثْلِهِ . قَالَ مُحَمَّدُ بْنُ بَشَّارٍ قَالَ يَحْيَى وَالصَّوَابُ حَدِيثُ سُفْيَانَ . قَالَ وَفِي الْبَابِ عَنْ عَلِيٍّ وَأَبِي أَيُّوبَ وَعَبْدِ اللَّهِ بْنِ مَسْعُودٍ وَجَابِرٍ وَأُسَامَةَ بْنِ زَيْدٍ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ ابْنِ عُمَرَ فِي رِوَايَةِ سُفْيَانَ أَصَحُّ مِنْ رِوَايَةِ إِسْمَاعِيلَ بْنِ أَبِي خَالِدٍ وَحَدِيثُ سُفْيَانَ حَدِيثٌ صَحِيحٌ حَسَنٌ . قَالَ أَبُو عِيسَى وَرَوَى إِسْرَائِيلُ هَذَا الْحَدِيثَ عَنْ أَبِي إِسْحَاقَ عَنْ عَبْدِ اللَّهِ وَخَالِدٍ ابْنَىْ مَالِكٍ عَنِ ابْنِ عُمَرَ . وَحَدِيثُ سَعِيدِ بْنِ جُبَيْرٍ عَنِ ابْنِ عُمَرَ هُوَ حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ أَيْضًا رَوَاهُ سَلَمَةُ بْنُ كُهَيْلٍ عَنْ سَعِيدِ بْنِ جُبَيْرٍ . وَأَمَّا أَبُو إِسْحَاقَ فَرَوَاهُ عَنْ عَبْدِ اللَّهِ وَخَالِدٍ ابْنَىْ مَالِكٍ عَنِ ابْنِ عُمَرَ . وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ أَهْلِ الْعِلْمِ لأَنَّهُ لاَ تُصَلَّى صَلاَةُ الْمَغْرِبِ دُونَ جَمْعٍ فَإِذَا أَتَى جَمْعًا وَهُوَ الْمُزْدَلِفَةُ جَمَعَ بَيْنَ الصَّلاَتَيْنِ بِإِقَامَةٍ وَاحِدَةٍ وَلَمْ يَتَطَوَّعْ فِيمَا بَيْنَهُمَا وَهُوَ الَّذِي اخْتَارَهُ بَعْضُ أَهْلِ الْعِلْمِ وَذَهَبَ إِلَيْهِ . وَهُوَ قَوْلُ سُفْيَانَ الثَّوْرِيِّ . قَالَ سُفْيَانُ وَإِنْ شَاءَ صَلَّى الْمَغْرِبَ ثُمَّ تَعَشَّى وَوَضَعَ ثِيَابَهُ ثُمَّ أَقَامَ فَصَلَّى الْعِشَاءَ . وَقَالَ بَعْضُ أَهْلِ الْعِلْمِ يَجْمَعُ بَيْنَ الْمَغْرِبِ وَالْعِشَاءِ بِالْمُزْدَلِفَةِ بِأَذَانٍ وَإِقَامَتَيْنِ يُؤَذِّنُ لِصَلاَةِ الْمَغْرِبِ وَيُقِيمُ وَيُصَلِّي الْمَغْرِبَ ثُمَّ يُقِيمُ وَيُصَلِّي الْعِشَاءَ . وَهُوَ قَوْلُ الشَّافِعِيِّ .

قَالَ أَبُو عِيسَى وَرَوَى إِسْرَائِيلُ هَذَا الْحَدِيثَ عَنْ أَبِي إِسْحَقَ عَنْ عَبْدِ اللَّهِ وَخَالِدٍ ابْنَيْ مَالِكٍ عَنْ ابْنِ عُمَرَ وَحَدِيثُ سَعِيدِ بْنِ جُبَيْرٍ عَنْ ابْنِ عُمَرَ هُوَ حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ أَيْضًا رَوَاهُ سَلَمَةُ بْنُ كُهَيْلٍ عَنْ سَعِيدِ بْنِ جُبَيْرٍ وَأَمَّا أَبُو إِسْحَقَ فَرَوَاهُ عَنْ عَبْدِ اللَّهِ

وَخَالِدٍ ابْنَيْ مَالِكٍ عَنْ ابْنِ عُمَرَ.

বাংলা

৮৮৯. মুহাম্মদ ইবনু বাশশার (রহঃ) ..... ইবনু উমার (রাঃ) থেকে অনুরূপ রিওয়ায়াত আছে। - তিরমিজী হাদিস নম্বরঃ ৮৮৮ [আল মাদানী প্রকাশনী]

মুহাম্মদ ইবনু বাশশার বলেন যে, ইয়াহ্‌ইয়া বলেন, সুফিয়ান (রহঃ)- এর বর্ণনাটি হল সঠিক। এই বিষয়ে আলী, আবূ আয়্যূব, আবদুল্লাহ ইবনু মাসঊদ, জাবির ও উসামা ইবনু যায়দ (রাঃ) থেকেও হাদিস বর্ণিত আছে। ইমাম আবূ ঈসা (রহঃ) বলৈন, ইবনু উমার (রাঃ)-এর হাদিসটি ইসমাঈল ইবনু আবূ খলিদ (রহঃ)-এর রিওয়ায়াত আপেক্ষা সুফিয়ান (রহঃ) এর সুত্রে রিওয়ায়াতটি অধিকতর সহীহ্। সুফিয়ান (রহঃ) এর রিওয়ায়াতটি হাসান-সহীহ্। ইসরাঈল এই হাদিসটিকে আবূ ইসহাক- মালিক পুত্রদ্বয় আবদুল্লাহ ও খালিদ সূত্রে- ইবনু উমার (রাঃ) থেকে বর্ণনা করেছেন। ইবনু উমার (রাঃ) থেকে সাঈদ ইবনু জুবাইর (রহঃ) বর্ণিত হাদিসটি হাসান- সহীহ্। সালামা ইবনু কুহায়লও এটিকে সাঈদ ইবনু জুবায়র (রহঃ) থেকে বর্ননা করেছেন। আবূ ইসহাক (রহঃ) এটিকে মালিক পুত্রদ্বয় আবদুল্লাহ ও খালিদ উমার (রাঃ) সনদে বর্ণনা করেছেন।

এতদনুসারে আলিমগণ আমল করেছেন। তারা বলেন, মুযদালিফা ছাড়া মাগরিবের সালাত (নামায/নামাজ) আদায় করা যাবে না। মুযদালিফায় যখন আসবে তখন এক ইকামতে দুই সালাত একত্রে আদায় করবে। এর মাঝে নফল আদায় করবে না। কোন কোন আলিম এই মতটি গ্রহণ করেছেন। এ হলো ইমাম সুফিয়ান ছাওরী (রহঃ) এর অভিমত। সুফিয়ান (রহঃ) বলেন, ইচ্ছা করলে মাগরিব আদায় করে রাতের খাবার খেয়ে, কাপড়- চোপড় ছেড়ে পরে ইকামত দিয়ে ইশার সালাত আদায় করবে। আবার কতিপয় আলিমগণ বলেন, মুযদালিফায় এক আযান ও দুই ইকামতে মাগরিব ও এশা একত্রে আদায় করবে। মাগরিবের আযান দিয়ে ইকামত দিবে এবং মাগরিবের সালাত আদায় করবে। পরে পুনরায় ইকামত দিবে এবং ইশার সালাত আদায় করবে। এ হলো ইমাম শাফিঈ (রহঃ) এর অভিমত।

## English

(Another chain) that Sa'eed bin Jubair narrated :
Similarly from Ibn Umar, from the Prophet.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=18078

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন